

মোবাইলফোন হ্যাণ্ডসেট / USB Modem আমদানীর জন্য প্রয়োজনীয় তথ্যাদি।

- ১। সকল আমদানীকারককে বিটিআরসি হতে “Radio Equipment Importer and vendor Enlistment” তালিকাভুক্ত হতে হবে এবং চলতি বছরের জন্য নবায়নকৃত থাকতে হবে।
- ২। বাংলা কী প্যাড/ UTF 16/UCS 2 সম্বলিত মোবাইল ফোনসেট (BAR/QWERTY) আমদানীর লক্ষ্যে আবেদনকৃত সেট গুলির বাংলা কী প্যাড সম্বলিত হ্যাণ্ডসেটের Sample দেখাতে হবে।
- ৩। Proforma Invoice (ডলারসহ এবং ডলারবিহীন) উভয়ভাবেই প্রোপ্রাইটার কর্তৃক সত্যায়িত করে জমা দিতে হবে।
- ৪। প্রত্যেক মডেলের সঠিক Sample IMEI/MEID নম্বর (এক্সেল ফরমেট) সিডিতে জমা দিতে হবে।
- ৫। সর্বশেষ আমদানীকৃত সকল মোবাইলফোন হ্যাণ্ডসেট/ USB Modem এর IMEI/MEID নম্বর (এক্সেল ফরমেট) সিডিতে জমা দিতে হবে।
- ৬। সর্বশেষ আমদানীকৃত মোবাইলফোন হতে নমুনা সেট দেখাতে হবে (বিটিআরসি'র চাহিদা অনুযায়ী)।
- ৭। নতুন ব্র্যান্ডের ক্ষেত্রে সত্যায়িত (ক) Manufacturer Certificate, (Original Language Native and English Version) (খ) Quality Assurance Certificate, (গ) Copy of Agreement, (ঘ) Distribution Certificate, (ঙ) Manufacturer specification test Condition & test result (নতুন মডেলের ক্ষেত্রে), (চ) Sample IMEI/MEID নম্বর, (ছ) Battery Test Report for All Mobile Set এবং (জ) Sample Mobile Set/USB Modem (নতুন মডেলের ক্ষেত্রে) দাখিল করতে হবে।
- ৮। পরীক্ষার জন্য Sample Mobile Set/IMEI সহ বিশেষজ্ঞের সাথে Presentation / আলোচনার জন্য ব্যবস্থা গ্রহণ করতে অনুরোধ করা হ'ল।
- ৯। আবেদনকৃত মোবাইলসেট এর Warranty নিশ্চিত করার লক্ষ্যে Warranty কার্ড/সার্ভিসিং সেন্টার সমূহের ঠিকানা জমা দিতে হবে।
- ১০। আমদানীর পর এ যাবৎ বিটিআরসি কর্তৃক NOC এর মাধ্যমে কতটি সেট আমদানী করেছেন তার Database BTRC কে প্রদান করতে হবে।
- ১১। প্রত্যেক মডেলের Brochure প্রোপ্রাইটার কর্তৃক সত্যায়িত করে জমা দিতে হবে।
- ১২। সকল আবেদন চেয়ারম্যান, বিটিআরসি বরাবর করতে হবে।